# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**18 JULY 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

১) চলতি বছরের অক্টোবরের মধ্যে ৪০ থেকে ৫০ হাজার নিযুক্তি পত্র প্রদান করা হবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার ঘোষনা ।

২) আসাম চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতাল প্রাংগনে ৩৫৭ কোটি টাকা ব্যয় সাপেক্ষে শিক্ষকের আবাসগৃহ ও ছাত্রাবাস নির্মাণ প্রকল্পে রাজ্য মন্ত্রীসভার অনুমোদন ।

৩) গোয়ালপারা জেলার পাইকান সংরক্ষিত বনাঞ্চলে সংঘর্ষের স্থানে পুলিশের সতর্ক প্রহরা ব্যবস্থা ।
এবং

৪) মুনিন্দ্র নাথ নাতের ডিমা হাসাও জেলার জেলা আয়ুক্ত হিসেবে কার্যভার গ্রহণ ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যে চলতি বছরেরর অক্টোবর মাসের মধ্যে পুনরায় ৪০ থেকে ৫০ হাজার নিযুক্তিপত্র প্রদান করা হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা ঘোষণা করেছেন ।রাজ্য সরকারের স্বচ্ছ ও মেধাভিত্তিক নিযুক্তি প্রক্রিয়ার অংশ হিসেবে মুখ্যমন্ত্রী আজ গৌহাটী মেডিক্যাল কলেজ ও হাসপাতালের প্রেক্ষাগৃহে আয়োজিত এক অনুষ্ঠানে উচ্চ কারিগড়ি শিক্ষা বিভাগের অধীনে ৩৪২ জন প্রার্থীকে নিযুক্তিপত্র প্রদান করে সাংবাদিকদের একথা জানান । এরমধ্যে রাজ্যের পলিটেকনিক গুলোতে ১৪১ জন কারিগড়ি বিষয়ের অধ্যাপক ও ৯৫ জন অন্যান্য বিষয়ের অধ্যাপক সহ মোট ২৩৬ জনকে নিযুক্তিপত্র প্রদান করা হয়েছে । এছাড়া রাজ্যের ইঞ্জিনিয়ারিং কলেজ ও পলিটেকনিক গুলোতে ৮৫ জন প্রবীণ প্রশিক্ষক , ইঞ্জিনিয়ারিং কলেজগুলোতে ৩ জন লাইব্রেরিয়ান এবং পলিটেকনিক গুলোতে ১৮ জনকে লাইব্রেরিয়ান পদে নিযুক্তি পত্র প্রদান করা হয় ।

এই নিযুক্তিপত্র প্রদান করার ফলে বর্তমান রাজ্য সরকারের কার্যকালে এপর্যন্ত মোট ১ লক্ষ ২১ হাজার ১৮২ জনকে নিযুক্তপত্র প্রদান করা হয়েছে ।এ উপলক্ষে তাঁর ভাষণে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা বলেন নব নিযুক্ত এই প্রার্থীদেরকে আসাম ইঞ্জিনিয়ারিং সেবা নিযূক্তি পর্ষদের অনুমোদনের ভিত্তিতে আজ নিযুক্তিপত্র প্রদান করা হয়েছে ।মুখ্যমন্ত্রী বলেন ১ লক্ষ সরকারী পদে রাজ্যের যুবক যুবতিদের নিযূক্তি প্রদানের প্রতিশ্রুতি পূরণের লক্ষ্যে অগ্রসর হয়ে রাজ্য সরকার উচ্চশিক্ষা প্রতিষ্ঠান সমুহে অধ্যাপক অধ্যাপিকার পদ পূরণ করার ক্ষেত্রে বিশেষ অগ্রাধিকার দিয়েছিল ।রাজ্যের ২৬ টি সরকারী পলিটেকনিক ও ৭ টি ইঞ্জিনিয়ারিং কলেজের অধ্যাপকের শূণ্য পদ পূরণ প্রক্রিয়া চলতি বছরের ডিসেম্বর মাসে সম্পূর্ণ হয়ে উঠবে বলে মুখ্যমন্ত্রী জানান । মুখ্যমন্ত্রী রাজ্যের ইঞ্জিনিয়ারিং কলেজ ও পলিটেকনিক গুলোর গুণগত মান উন্নয়ন সহ দক্ষ মানব সম্পদ সৃষ্টি করার ওপর গুরুত্ব আরোপ করেন ।

---

আসাম মন্ত্রীসভা ডিব্রুগড়ের আসাম চিকিৎসা মহাবিদ্যালয় ও হাসপাতালে ৩৫৭ কোটি টাকা ব্যয় সাপেক্ষে শিক্ষকের আবাসগৃহ ও ছাত্রাবাস নির্মাণ প্রকল্পে অনুমোদন দিয়েছে । ৮৫ হাজার ৫০৯ বর্গ মিটার এলাকাজুড়ে ছাত্রাবাস ও শিক্ষকের আবাসগৃহ নির্মান করা হবে । এই প্রকল্পের মাধ্যমে কর্মচারী ও ছাত্র ছাত্রীদের অতিরিক্ত সুবিধা প্রদানের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে । এই প্রকল্পের অধীনে অধ্যক্ষ , উপাধক্ষ্য , অধ্যাপক , তৃতীয় শ্রেণীর কর্মচারী তথা নার্সদের আবাস গৃহ , চিকিৎসা বিজ্ঞানের ছাত্র ছাত্রীদের জন্য ছাত্রাবাস ও ছাত্রী নিবাস , জি এন এম হোষ্টেল , ডাইনিং ব্লক , কমিউনিটি হল ইত্যাদি নির্মাণ করা হবে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার পৌরহিত্যে দিসপুরের লোকসেবা ভবনে অনুষ্ঠিত মন্ত্রীসভার বৈঠকে আজ মিশন বসুন্ধরার অধীনে জমি বন্টন , একটি কলি দুটি পাতা প্রকল্পে আর্থিক অনুমোদন দেওয়া সহ বেশ কিছু গুরুত্বপূর্ন সিদ্ধান্ত গ্রহণ করা হয় । মিশন বসুন্ধরা তৃতীয় পর্যায়ের অধীনে রাজ্য সরকারের ৩৩৬ টি পরিকাঠামোমূলক প্রকল্প , নিগম ও পরিষদের ৪৫ টি পরিকাঠামোমূলক প্রকল্প ও ২৮ টি কেন্দ্রীয় সরকারের বিভাগ ও সংস্থায় জমি বন্টনে অনুমোদন জানানো হয় । এছাড়া একটি কলি দুটি পাতা প্রকল্প রুপায়নের জন্য ৩৪২ কোটি টাকার আর্থিক বন্টনে মন্ত্রীসভা অনুমোদন জানিয়েছে ।

---

গোয়ালপারা জেলার পাইকান সংরক্ষিত বনাঞ্চলে পরিস্থিতি সম্পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে ।পুলিশ অঞ্চলটিতে কড়া পাহারার ব্যবস্থা করেছে ।অঞ্চলটিতে পুলিশের রেপিড একশন ফোর্স মোতায়েন করা হয়েছে ।আসাম পুলিশের পশ্চিম আসাম সংমন্ডলের উপ মহা

পরিদর্শক দি বিজয় কুলিগ্রাম অঞ্চলটির পরিস্থিতি নিরিক্ষণ করেন ।এদিকে গতকালের ঘটনায় ১০ জন লোককে গ্রেপ্তার করা হয়েছে বলে পুলিশ সূত্রের উদ্ধৃতি দিয়ে আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন ।

---

এবারের বর্ষার মরশুমে উত্তরপূর্বাঞ্চলের ২১ টি জেলা ব্যাপক কম বৃষ্টি হোয়া জেলা হিসেবে পরিগনিত হয়েছে । এর মধ্যে আসামের ১৩ টি জেলা রয়েছে । আবহাওয়া বিজ্ঞান বিভাগ কোনো জেলায় স্বাভাবিকের চেয়ে ৬০ থেকে
৯৯ শতাংশ কম বৃষ্টি হলে ব্যাপক ঘাটতি জেলা হিসেবে গন্য করে ।ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের পয়লা জুন থেকে ১৭ ই জুলাইর সময়কালের জন্য জারি করা পরিসংখ্যা অনুযায়ী আসামের ১৩ টি জেলা বৃষ্টির ব্যাপক ঘাটতি জেলা হিসেবে পরিগনিত হয়েছে ।রাজ্যের অন্য ১২ টি জেলায় স্বাভাবিকের থেকে ও কম বৃষ্টি হয়েছে ।আসামে ১৬ ই জুলাই পর্যন্ত স্বাভাবিকের থেকে ও ৪০ শতাংশ কম বৃষ্টি হয়েছে ।রাজ্যে এই সময়ে সাধারণত: ৬৫৩ দশমিক ৩ মিলিলিটার বৃষ্টি হয় তবে এবার ৩৯৪ দশমিক ৯ মিলিলিটার বৃষ্টি হয়েছে ।রাজ্যের জনসাধারণ বিশেষকরে কৃষকরা বৃষ্টির অভাবে অসুবিধার সম্মুখীন হয়েছেন ।

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা গতকাল লোকসেবা ভবনে কৃষি বিভাগ সহ আঞ্চলিক আবহাওয়া বিজ্ঞান কেন্দ্রের শীর্ষ আধিকারিক ও বেশ কয়েকজন বিজ্ঞানীর সংগে এক বৈঠকে মিলিত হয়ে সম্প্রতি বৃষ্টির পরিমান তুলনামূলকভাবে কম হোয়া জেলারগুলির খতিয়ান নেন ।বৈঠকে ড: শর্মা কৃষকদের সহায়তা করার জন্য পরিকল্পনা প্রস্তুত করতে সংশ্লিষ্ট আধিকারিদের নির্দেশ দেন ।

---

মুনিন্দ্র নাথ নাতে গত ১৫ ই জুলাই ডিমা হাসাও জেলার জেলা আয়ুক্ত হিসেবে দায়িত্বভার গ্রহণ করেছেন । এর আগে তিনি বিশ্বনাথ জেলার আয়ুক্ত হিসেবে নিযুক্ত ছিলেন ।

---

মুম্বাইয়ের দি স্পাইন ফাউন্ডেশন ( টি এস এফ ) এর সহযোগিতায় আসাম বিশ্ববিদ্যালয়ে আজ থেকে তৃতীয় মেরুদন্ড অস্ত্রপোচার শিবির শুরু হয়েছে । আগামী রবিবার এই শিবির সমাপ্ত হবে ।এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের পি এম জি হলে এক উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয় । অনুষ্ঠানে টি এস এফের প্রতিষ্ঠাতা তথা বিখ্যাত স্পাইন সার্জন ডঃ শেখর ভোজরাজ , টি এস এফের ট্রাস্টি ও স্পাইন সার্জন ডঃ শীতল মোহিত , বিশ্ববিদ্যালয়ের গণজ্ঞাপন বিভাগের সহকারী অধ্যাপক ডঃ

আলফারিদ হোসেন , পরিসংখ্যান বিভাগের সহকারী অধ্যাপক ডঃ বিবেক ভার্মা প্রমুখ উপস্থিত ছিলেন । শিবিরে মেরুদন্ডের বিভিন্ন রোগে আক্রান্ত রোগীদের বিনামূল্যে পরামর্শ ও রোগ নির্ণয় করা হয় ।
ডা: ভোজরাজ বলেন---
বাইট----

---------------------------------------------------------------------------------------

রাজ্যের ১৮টি জেলায় জাতীয় ভোজ্য তেল মিশন তৈল পাম প্রকল্প রূপায়নের কাজ ইতিমধ্যে শুরু হয়েছে । এরমধ্যে বরাক উপত্যকার তিনটি জেলাকে অর্ন্তভুক্ত করা হয়েছে । লক্ষীপুর বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত রাজাবাজার ব্লকের দেওয়ান চা বাগানে গতকাল থেকে মেগা তৈল পাম রোপন কার্য্যসূচী শুরু হয়েছে । কাছাড় জেলার কৃষি আধিকারীক ডক্টর এ আর আহমেদ তৈল পাম কার্য্যসূচীর উদ্বোধন করে বলেন যে পাম তেল চাষের মাধ্যমে ভোজ্য তেল স্বনির্ভরতা অর্জনই সরকারের মূল লক্ষ্য । এবার চা বাগানগুলিকে এই চাষে অর্ন্তভুক্ত করা হয়েছে । উল্লেখ্য দেওয়ান চা বাগানের অর্ন্তগত বাগানগুলোর ৫০ হেক্টর জমিতে তৈল পাম রোপন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । এছাড়া জেলার অন্যান্য বাগানেও রোপন অভিযান শুরু হয়েছে বলে ডক্টর আহমেদ জানান ।

---------------------------------------------------------------------------------------

এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের আসাম রাজ্য কমিটির পক্ষ থেকে রাজ্যের বিভিন্ন স্থানে সংগঠিত উচ্ছেদের বিরোধিতা করে যারা প্রকৃত ভারতীয় নাগরিক ও যাদের জাতীয় নাগরিক পঞ্জীতে নাম রয়েছে , তাদের পুর্নবাসন দেওয়ার দাবী জানানো হয়েছে । রাজ্য সরকারের কাছে দলের পক্ষ থেকে অবিলম্বে উচ্ছেদ বন্ধ করার দাবী জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শিলচর পৌর নিগমের উদ্যোগে গত বুধবার নিগমের সম্মেলন কক্ষে নমস্তে দিবস পালন করা হয়েছে । নিগমের আয়ুক্ত সৃষ্টি সিং-এর পৌরহিত্যে আয়োজিত নমস্তে দিবসের সভায় সাফাই মিত্রদের সংবর্ধনা জানানোর পাশাপাশি স্বাস্থ্য পরীক্ষা করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

লক্ষীপুর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত দীনেশ প্রসাদ গোয়ালা স্মৃতি প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় সিংগেরবন্দ ফুটবল একাডেমী ৬-১ গোলে দিগর মার স্পোর্টিং ক্লাবকে পরাজিত করেছে ।

পয়লাপুল খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের প্রথম খেলায় নাংখাও এফ সি খেলবে ইয়ুথ ব্লোমিং ক্লাবের বিরুদ্ধে এবং এভারেষ্ট হাইট খেলবে চিরু স্পোর্টিং ক্লাবের বিরুদ্ধে ।

----------------------------------------------------------------------------------------------------